



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

প্রধান কার্যালয়, বিসিক, ঢাকা

www.bsec.gov.bd Email: info@bsec.gov.bd

১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

স্মারক নং-৩৬.০২.০০০০.০০০.২২.০১০.১৯/৭৩০(২)

তারিখ : ২৪/১০/২০১৯ইং

অফিস আদেশ

প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম সরকারের বিভিন্ন নাগরিক সেবাসমূহকে সহজিকরণের লক্ষ্যে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাদের আওতাধীন অধিদপ্তর ও সংস্থা সমূহের অন্তর্গত একটি করে সেবা সহজিকরণের কার্যক্রম হাতে নিয়েছে। যা মন্ত্রিপরিষদ বিভাগের সাথে মন্ত্রণালয়সমূহে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও (এপিএ) আওতাভুক্ত। এ লক্ষ্যে বিসিকের সেবা কার্যক্রম সহজিকরণের নিমিত্তে মন্ত্রিপরিষদ বিভাগ বিসিক ও এটুআই প্রকল্পের আওতায় বিসিকের জেলা পর্যায়ের নাগরিক সেবার মধ্য বিসিকের নিজস্ব তহবিল ঋণ কর্মসূচি (বিনিত)-এর ঋণ কার্যক্রমটি সম্পাদন করার লক্ষ্যে দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০ এর কলাম-০২ এর [২.৪] এর [২.৪.১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধির লক্ষ্যে [২.৪] সেবা সহজিকরণ আদেশ জারিকরণ। বিসিকের তত্ত্বাবধানে ৬৪টি জেলার শিসকে কার্যালয়ের (ক্ষুদ্র ও কুটির শিল্প)-এর ঋণ সহজিকরণের বিষয়ে চিহ্নিত সেবা প্রদান করার ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সমস্যার মূল কারণসমূহ নিম্নরূপ :

| বিদ্যমান সমস্যা             | সমস্যার মূল কারণ                    | সমস্যার কারণে সেবাহীতাদের ভোগান্তি                                                                       |
|-----------------------------|-------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------|
| ঋণ প্রাপ্তিতে দীর্ঘসূত্রিতা | আবেদনপত্রে তথ্যের অপ্রতুলতা         | ঋণ প্রাপ্তিতে অধিক সময় ব্যয় হয়, যাতায়াত ব্যয় বৃদ্ধি পায় এবং অফিস সম্পর্কে নেতিবাচক ধারণা তৈরি হয়। |
|                             | অসত্য তথ্য প্রদান                   |                                                                                                          |
|                             | অসম্পূর্ণ আবেদন                     |                                                                                                          |
|                             | প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত না করা |                                                                                                          |

সমস্যা ও তার কারণ সম্পর্কে বিবৃতি :

আবেদনপত্রে তথ্যের অপ্রতুলতা, অসম্পূর্ণ আবেদন, প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত না করা। বর্ণিত সমস্যার কারণে ঋণ প্রাপ্তিতে জটিলতা তৈরি হয়। ফলে ঋণ প্রাপ্তিতে অধিক সময় ব্যয় হয়, যাতায়াত ব্যয় বৃদ্ধি পায়। অফিস সম্পর্কে নেতিবাচক ধারণা তৈরি হয়।

৩। সমস্যার ভুক্তভোগী কারা ? : ক্ষুদ্র ও কুটির শিল্প উদ্যোক্তা

৪। সমস্যা সমাধানে প্রদত্ত আইডিয়াটির শিরোনাম : ঋণ প্রদান প্রক্রিয়া সহজিকরণ।

৫। সমাধান প্রক্রিয়া : ক) আইডিয়ার বিবরণ :

⇒ আবেদন ফরমসহ সকল তথ্য সন্নিবেশ করে ঋণ সংক্রান্ত সফটওয়্যার তৈরি করা হবে।

⇒ অনলাইনে আবেদন গ্রহণ করা যাবে।

⇒ মূল্যায়ন কমিটি প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে প্রাপ্ত ঋণ আবেদন পত্র যাচাই-বাছাই করে ঋণ প্রাপ্তি মূল্যায়ন পূর্বক প্রযোজ্য ক্ষেত্রে ঋণ মঞ্জুরির সুপারিশ।

⇒ ঋণ মঞ্জুরীর সিদ্ধান্ত অনলাইনে উদ্যোক্তাকে জানিয়ে দেয়া এবং প্রযোজ্য ক্ষেত্রে ডকুমেন্টেশন করার জন্য বলা।

⇒ সিদ্ধান্ত এবং চেক গ্রহণের তারিখ অনলাইনে/এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৫। খ) নতুন প্রসেস ম্যাপ :

কাস্টমারের নিকট একটি সেবা যেভাবে পৌঁছে দেওয়া হবে, তা বুলেট পয়েন্ট আকারে ধারাবাহিকভাবে নিম্নে দেওয়া হলো :

- উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদিসহ ঋণ আবেদন ফরম অফিস প্রধান কর্তৃক উপস্থাপনের নির্দেশ
- সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্রাদি পরীক্ষণ শিল্প/প্রস্তাবিত স্থান পরিদর্শন, পরিদর্শন পরবর্তী রিপোর্ট প্রণয়ন
- ঋণ আবেদন মূল্যায়ন ও ঋণ মঞ্জুরি সভা আহ্বান
- ঋণ মঞ্জুরির সিদ্ধান্ত ও ঋণ মঞ্জুরি পত্র ইস্যু
- উদ্যোক্তাকে পত্র, মেইল, এসএমএস এর মাধ্যমে অবহিতকরণ
- প্রয়োজনীয় দলিলপত্র সম্পাদনের মাধ্যমে ঋণ বিতরণ

সংযুক্তি : ০৩ (তিন) পাতা।

বিতরণ : (কার্যার্থে)

১। ৬৪টি জেলার শিসকে প্রধান ও সদস্য।

সদয় জ্ঞাতার্থে :

১। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

২। প্রকল্প পরিচালক, এটুআই ও মহাপরিচালক (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয় পুরাতন সংসদ ভবন, তেজগাঁও ঢাকা-১২১৫।

৩। পরিচালক, প্রযুক্তি, বিসিক, ঢাকা।

৪। পরিচালক (অর্থ), বিসিক, ঢাকা।

৫। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বিসিক, ঢাকা।

৬। ব্যবস্থাপক, ঋণ প্রশাসন শাখা, বিসিক, ঢাকা।

৭। আইসিটি সেল প্রধান, বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।

৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

(মোঃ আবু ছাদেক)


নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)

বিসিক, ঢাকা।

ফোন : ০২-৯৫৫৩৪৮৮


২৪/১০/২০১৯

সেবার নাম : বিসিকের তত্ত্বাবধানে ঋণ কার্যক্রম (কুটির শিল্প) প্রস্তাবিত পদ্ধতি



২৪.১০.১৯  
(সহিদা আজহারি মাস)  
উপ-ব্যবস্থাপক  
ঋণ প্রশাসন বিভাগ  
বিলিক, ঢাকা।

সেবার নাম : বিসিকের তত্ত্বাবধানে ঋণ কার্যক্রম (ক্ষুদ্র শিল্প) প্রস্তাবিত পদ্ধতি



২৪.১০.১৯  
(সাহিত্য আঙ্গুর বার)  
উপ-ব্যবস্থাপক  
ঋণ প্রশাসন বিভাগ  
বিসিক, ঢাকা।